

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

স্মারক নং-১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.১২- ৬৫৭

তারিখঃ ২০-১০-২০১৪ খ্রিঃ

বিষয় : নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে জেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও দৈনিক বাজারদরের মূল্য তালিকার প্রদর্শনী বোর্ড স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের ০২-১০-২০১৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৭২.৯৯.০১৯.১২-৩৭৫ সংখ্যক স্মারক।

কৃষিপণ্যের বাজার তথ্যসহ সকল প্রকার তথ্য সংগ্রহ ও প্রচার করা কৃষি বিপণন অধিদপ্তরের অন্যতম প্রধান দায়িত্ব। বাজারদর যৌক্তিক পর্যায়ে রাখার স্বার্থে এবং তা ব্যবহারকারীদের (Stakeholder) দৃষ্টি গোচরে আনার লক্ষ্যে বাজারের গুরুত্বপূর্ণ স্থানে প্রধান প্রধান কৃষিপণ্যের বাজার দর বোর্ডের মাধ্যমে টানানো হলে কৃষক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করা সহজ হবে। এছাড়া কৃষিপণ্যসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য ভেজালমুক্ত ও কেমিক্যালমুক্ত রাখার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করা প্রয়োজন। এক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় বাজার পরিচালনা কমিটিকে সম্পৃক্ত করে তাদের সহায়তা গ্রহণের মাধ্যমে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

(ক) বাজারের দৃশ্যমান স্থানে প্রদর্শনী বোর্ড স্থাপনের মাধ্যমে প্রধান প্রধান কৃষিপণ্যের দৈনিক বাজারদর প্রদর্শনের ব্যবস্থা গ্রহণসহ বাজারের প্রতিটি দোকানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য তালিকা টানানোর ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত মনিটরিং করা।

(খ) নিত্যপ্রয়োজনীয় পণ্যের ভেজাল রোধ এবং খাদ্যে ক্ষতিকর কেমিক্যাল ব্যবহার রোধে বাজার পরিচালনা কমিটি ও জেলা প্রশাসনের সহায়তা ও পরামর্শক্রমে মনিটরিং কার্যক্রম জোড়দার করা।

বর্ণিতাবস্থায়, বাজারদর দৃশ্যমান স্থানে টানানো এবং খাদ্যে ভেজাল রোধ ও ক্ষতিকর কেমিক্যাল ব্যবহার বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর-কে অবহিত করণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ দৈনিক বাজারদর সংক্রান্ত প্রদর্শনী বোর্ডের নমুনা ০১ (এক) ফর্দ।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহবুব আহমেদ)

পরিচালক

ফোন : ৯১১৪৩১০

E-mail: director@dam.gov.bd

জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী

.....।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, (সকল) -----।

৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

